# Visit of Smt. Meenakashi Lekhi, MoS (External Affairs & Culture) to Panama, Honduras, Chile (April 28 - May 05, 2022)

May 08, 2022

---

## শ্রীমতী মীনাক্ষী লেখি, প্রতিমন্ত্রী( বিদেশ ও সংস্কৃতি)র পানামা, হন্ডুরাস, চিলি সফর( এপ্রিল 28- মে 05, 2022 )

মে 08, 2022

এপ্রিল 28- থেকে মে 05, 2022 তারিখে বিদেশ ও সংস্কৃতি প্রতিমন্ত্রী শ্রীমতী মীনাক্ষী লেখি পানামা, হন্ডুরাস, চিলি সফর করেছেন।

2. 28শে এপ্রিল থেকে 01 মে 2022 -এ তার পানামা সফরকালে প্রতিমন্ত্রী (এমএল), পানামার বিদেশমন্ত্রী হার এক্সেলেন্সি শ্রীমতী এরিকা মিউইন্স এর সাথে সাক্ষাৎ করেছেন এবং দ্বিপাক্ষিক আলোচনা করেছেন যেখানে পানামা সরকারের মন্ত্রী হার এক্সেলেন্সি শ্রীমিতী জানাইনা তেওয়ানেও উপস্থিত ছিলেন। উভয় পক্ষ বাণিজ্য ও বিনিয়োগ, স্বাস্থ্য এবং ঔষধ উৎপাদন , আয়ুষ, আই টি, মহাকাশ ও সংস্কৃতি ক্ষেত্রে সহযোগিতাকে বৃদ্ধি করতে সম্মত হয়েছে। কূটনৈতিক মিশন/পোষ্টের আধিকারিকদের উপর নির্ভরশীলদের লাভজনক কর্মসংস্থানের উপরে ভারত ও পানামার মধ্যে একটি চুক্তি স্বাক্ষরিত হয়েছে। উভয়পক্ষ ভারত-এসআইসিএ র মাধ্যমে এবং বহুপাক্ষিক ফোরামে বৃহত্তর সহযোগিতা অন্বেষণে সম্মত হয়েছে।

3. সাংস্কৃতি মন্ত্রীর সাথে বৈঠকে হার এক্সেলেন্সি শ্রীমতী গিসেলে গঞ্জালেজ ভিলারুয়ে, প্রতিমন্ত্রী( এমএল)
2021-24 সালের জন্য সাংস্কৃতিক বিনিময় কার্যক্রমের উপরে একটি চুক্তি স্বাক্ষর করেছেন। প্রতিমন্ত্রী (এমএল) পরিখা প্রশাসনের মন্ত্রী শ্রীযুক্ত আরিস্টাইডস রোয়োর সাথে পানামা খালও পরিদর্শন করেছেন। তিনি আমেরিকার বৃহত্তম এফটিজেড কোলন ফ্রি ট্রেড জোনও পরিদর্শন করেছেন এবং তিনি এফটিজেড-এর উপরে ও ভারতের সাথে সম্ভাব্য সহযোগিতার ক্ষেত্রের উপরে বক্তব্য রেখেছেন। তিনি পানামা ভিত্তিক ভারতীয় উদ্যোগপতিদের সাথে সাক্ষাৎ করেছেন এবং এফটিজেড-এ তাদের শোরুম পরিদর্শন করেছেন।

4. প্রতিমন্ত্রী( এমএল) পানামার নিদর্শন স্থল সিন্টা কোস্তেরায় আন্তর্জাতিক যোগ দিবস 2022 -এর যবনিকা উন্মোচন করেন। এই অনুষ্ঠানে পানামার সংস্কৃতি মন্ত্রী এবং দুইজন উপমন্ত্রী অংশগ্রহণ করেন। প্রতিমন্ত্রী একটি হিন্দু মন্দির পরিদর্শন করেন, ঐতিহ্যবাহী গরবা নাচে অংশগ্রহণ করেন এবং একটি অশোক বৃক্ষ রোপন করেন। তিনি একেএএম উদযাপনের অবকাঠামোর মধ্যে আয়োজিত একটি সাংস্কৃতিক অনুষ্ঠানেও অংশগ্রহণ করেন যেখানে পানামানিয়ান ও ভারতীয় নৃত্য পরিবেশিত হয়েছে। তিনি লাতিন আমেরিকায় বৃহত্তম 15000ভারতীয় সম্প্রদায়ের সদস্যদের সাথে আলাপচারিতা করেন।

5. মে 01 থেকে 03 , 2022-এ তার হন্ডুরাস সফরকালে প্রতিমন্ত্রী (এমএল), হন্ডুরাসের প্রেসিডেন্ট হার এক্সেলেন্সি শ্রীমতী আইরিস জিওমারা কাস্ত্রো সারমিয়েন্ত-র সাথে সাক্ষাৎ করেন। তিনি হন্ডুরাসের কার্যনির্বাহী বিদেশ ও আন্তর্জাতিক সহযোগিতা মন্ত্রী হিজ এক্সেলেন্সি শ্রীযুক্ত অ্যান্টনিও গার্সিয়ার সাথেও সাক্ষাৎ করেন এবং বিভিন্ন দ্বিপাক্ষিক, আঞ্চলিক ও আন্তর্জাতিক বিষয় নিয়ে আলোচনা করেন। প্রতিমন্ত্রী(এমএল), কৃষি মন্ত্রী হার এক্সেলেন্সি শ্রীমতী লউরা সুয়াজোর সাথে একযোগে 26.5 মিলিয়ন মার্কিন ডলার মূল্যের জামাস্ত্রান ভ্যালি ইরিগেশন প্রোজেক্টের ভিত্তি প্রস্তর স্থাপন করেন যার ব্যয়ভার ভারত সরকারের লাইন অব ক্রেডিটের মাধ্যমে হয়েছে। প্রকল্পটি 3,060 হেক্টর জমিতে সেচ প্রদান করবে এবং এর ফলে প্রায় 1200 চাষি উপকৃত হবে।

6. আজাদি কা অমৃত মহোৎসবের একটি অঙ্গ হিসেবে প্রতিমন্ত্রী (এমএল) হন্ডুরাসের বৃহত্তম বেসরকারি বিশ্ববিদ্যালয় (ইউএনআইটিইসি)-এ " ভারতের অগ্রগতির 75 বছর"-এর উপরে 300 র বেশী ছাত্রছাত্রী, অনুষদ এবং শিক্ষাবিদদের সামনে তার বক্তব্য রাখেন। তিনি ভারতের নতুন শিক্ষানীতি 2020 -র অধীনে সম্ভাব্য সহযোগিতার ক্ষেত্র অন্বেষণের জন্য 21টি বিশ্ববিদ্যালয়ের রেক্টর এবং ভাইস রেক্টরদের সাথেও আলাপআলোচনা করেছেন। প্রতিমন্ত্রী(এমএল) হন্ডুরাসের জাতীয় বিশ্ববিদ্যালয়ে আইডিওয়াই 2022 অনুষ্ঠানের যবনিকা উন্মোচন করেন, বৃক্ষ রোপন অনুষ্ঠানে অংশগ্রহণ করেন এবং 2008 সালে ভারত দ্বারা তৈরি করা সেন্টার অব এক্সেলেন্স ইন এডুকেশন ইন ইনফরমেশন টেকনোলোজি (সিইইআইটি) পরিদর্শন করেন যেখানে আজ অবধি প্রায় 26000 -এরও বেশী ছাত্রছাত্রী প্রশিক্ষিত হয়েছে। কেন্দ্রটি ভারতের সহযোগিতায় 2016 সালে আপগ্রেড করা হয়েছে। প্রতিমন্ত্রী(এমএল) সান পেড্রো দে সুলাতে এক ছোট্ট কিন্তু প্রাণবন্ত ভারতীয় গোষ্ঠীর মানুষদেরে সাথে আলাপচারিতা করেছেন।

7. চিলিতে, প্রতিমন্ত্রী (এমএল) চিলির বিদেশমন্ত্রী হার এক্সেলেন্সি শ্রীমতী অ্যান্টনিয়া ঊরেজোলা নোগুয়েরা-র সাথে সাক্ষাৎ করেছেন এবং তার সাথে তিনি দ্বিপাক্ষিক সম্পর্ক নিয়ে বিস্তারিত আলোচনা করেছেন।উভয় পক্ষ ঔষধ উৎপাদন, মহাকাশ, পুনর্নবীকরন শক্তি এবং প্রতিবন্ধীদের ক্ষমতায়নের ক্ষেত্রে সহযোগিতার দ্বিপাক্ষিক চুক্তিকে দ্রুত সম্পাদনে সুবিধা প্রদানে তাদের নিজ নিজ অভ্যন্তরীণ প্রক্রিয়াগুলিতে গতি আনতে সম্মত হয়েছে। তারা তাদের অভিন্ন মূল্যবোধ এবং আদর্শের উপর দাঁড়িয়ে প্রশান্তমহাসাগরীয় জোটে এবং বহুপাক্ষিক ফোরামে ঘনিষ্ঠ ভাবে কাজ করতেও সম্মত হয়েছেন।

8. চিলির সংস্কৃতি, শিল্পকলা ও ঐতিহ্য মন্ত্রী হার হাইনেস শ্রীমতী জুলিয়েটা ব্রডস্কি হারনান্ডেজ-এর সাথে তার বৈঠক চলাকালীন উভয়পক্ষ একে অন্যের দেশের চলচ্চিত্র প্রদর্শন সহ সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনে সহযোগিতার ক্ষেত্রে সম্মত হয়েছেন। প্রতিমন্ত্রী (এমএল), চিলির চেম্বার অব ডেপুটিস-এর স্পিকার হিজ এক্সেলেন্সি শ্রীযুক্ত রাউল সতো এবং ভারত-চিলি পার্লামেন্টেরিয়ান গ্রুপের প্রেসিডেন্ট হার এক্সেলেন্সি শ্রীমতী সিক্কারডিনির সাথে সাক্ষাৎ করেছেন। প্রতিমন্ত্রী চিলি সংসদের অধিবেশনের একঝলকও দর্শন করেছেন।

9. প্রতিমন্ত্রী চিলির ফেডারেশন অব ইন্ডাস্ট্রি (এসওএফওএফএ)-র সাথে সাক্ষাৎ করেছেন এবং বাণিজ্য ও বিনিয়োগে বৃদ্ধিশীল দ্বিপাক্ষিক সহযোগিতা, ভারতের সাথে বাণিজ্য করার ক্ষেত্রে চিলির কোম্পানিগুলির সুযোগ ও সুবিধা নিয়ে আলোচনা করেছেন। তিনি চিলিতে ভারতীয় সম্প্রদায়ের মানুষদের সাথে আলাপচারিতা করেছেন এবং ভারতের আজাদি কা অমৃত মহোৎসবের উদযাপনের

অঙ্গ হিসেবে খাদি ও আয়ুর্বেদিক প্রদর্শণীর উদবোধন করেছেন ও বৃক্ষ রোপন করেছেন।

10. পানামা, হন্ডুরাস এবং চিলি সফর মধ্য এবং দক্ষিণ আমেরিকার এই দেশগুলির সাথে ভারতের সম্পর্ককে এক নতুন গতি প্রদান করেছে।

**নিউ দিল্লি**
**মে 08,2022**

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.